



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৪১.২০২২-২৯১


তারিখ: ০৬/০৩/২০২২ খ্রি.

বিষয়: ২০২২ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য ৫ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট (বাংলা ও ইংরেজি ভার্সন) বিতরণ।

সূত্র: এনসিটিবি'র স্মারক নং- ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪৭.২১/৬১৮; তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক ২০২১ সালের ন্যায় ২০২২ সালেও ৬ষ্ঠ থেকে ১০ শ্রেণির শিক্ষার্থীদের জন্য ব্রিড্জসহ (বাংলা ও ইংরেজি ভার্সন) অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে। এমতাবস্থায়, ২০২২ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ থেকে ১০ শ্রেণির শিক্ষার্থীদের জন্য ৫ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট (বাংলা ও ইংরেজি ভার্সন) বিতরণ করা হলো। বিতরণকৃত অ্যাসাইনমেন্ট শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ৫ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট (বাংলা ও ইংরেজি ভার্সন)


(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

ফোন: ০২-৪১০৫০২৮৫

বিতরণ:

- ১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
- ৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
- ৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....

অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[অ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. সংরক্ষণ নথি

২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: গণিত

শ্রেণি: ষষ্ঠ

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)	শিখনফল/বিষয়বস্তু	অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)						মন্তব্য		
০২	শিরোনামঃ গল্প থেকে অনুপাত ও শতকরা নির্ণয় । গল্পটি মনোযোগ দিয়ে পড়: সামির ও কামাল দুই বন্ধু। তারা ঠিক করলো নিজেদের জন্য বাড়ি তৈরি করবে। তাই তারা দুইজনেই আলাদাভাবে পর্যায়ক্রমে ইট খোলা, বালির গদি ও রড-সিমেন্টের দোকানে গেল। সামির ১নং ইট ১৫০০০টি, ৫৫০টাকা দরে ৮০ বস্তা সিমেন্ট এবং প্রয়োজন অনুযায়ী উন্নতমানের রড ও বালি কিনলো। অন্যদিকে কামাল ১৫% ছাড়ে ২নং ইট ১৭০০০টি, ৪৫০টাকা দরে ৮০ বস্তা সিমেন্ট এবং প্রয়োজন অনুযায়ী নিম্নমানের রড ও বালি কিনলো। ১নং ও ২নং ইট দ্বারা ইটের গুনগত মানকে বুঝানো হয়। সামির বাড়ি নির্মাণে বালি ও সিমেন্টের ৮০০ কেজি মিশ্রণে বালি ও সিমেন্টের অনুপাত ব্যবহার করলো ৫: ১। অন্যদিকে কামাল একই পরিমাণ মিশ্রণে বালি ও সিমেন্টের অনুপাত ব্যবহার করলো ৯ : ১। কামালের দেওয়া বালি ও সিমেন্টের মিশ্রণ দেখে সামির বললো, “বন্ধু তুমিতো মিশ্রণে সিমেন্ট কম দিচ্ছো”। বাড়ি তৈরির কিছু বছর পর দেখা গেল কামালের বাড়ির অবস্থা নাজুক হতে লাগলো। অন্যদিকে সামিরের বাড়ি আগের মতোই রইলো। তখন কামাল তার ভুল বুঝতে পারলো।	২য় অধ্যায়ঃ (অনুপাত ও শতকরা) ● অনুপাত কী তা ব্যাখ্যা করতে পারবে । ● সরল অনুপাত সংক্রান্ত সমস্যা সমাধান করতে পারবে । ● শতকরাকে সাধারণ ভগ্নাংশে, ভগ্নাংশকে শতকরায় প্রকাশ করতে পারবে । ● অনুপাতকে শতকরায় প্রকাশ করতে পারবে এবং শতকরাকে অনুপাত প্রকাশ করতে পারবে ।	● ১৫% বলতে কী বুঝায় ? লিখ। ● ১৫% কে দশমিক ভগ্নাংশে প্রকাশ কর। ● সামিরের ক্রয়কৃত ইটের সংখ্যাকে পূর্বরাশি এবং কামালের ক্রয়কৃত ইটের সংখ্যাকে উত্তররাশি ধরে অনুপাত নির্ণয় কর ● প্রাপ্ত অনুপাতের ব্যস্ত অনুপাত নির্ণয় কর ● সামির ও কামালের ক্রয়কৃত সিমেন্টের মোট দামের সমতুল অনুপাত নির্ণয় কর ● প্রাপ্ত অনুপাতটি লঘু অনুপাত নাকি গুরু অনুপাত যাচাই কর ● সামিরের বালি ও সিমেন্টের মিশ্রণে বালি ও সিমেন্টের পরিমাণ নির্ণয় কর ● কামালের বালি ও সিমেন্টের মিশ্রণে বালি ও সিমেন্টের পরিমাণ নির্ণয় কর ● কৌর বাড়ি টেকসই এবং কেন? ব্যাখ্যা কর	নির্দেশক	পারদর্শিতার মাত্রা/নম্বর					প্রাপ্ত নম্বর		
				ক	১৫% এর অর্থ লেখা এবং দশমিক ভগ্নাংশে প্রকাশ করা।	----	----	১৫% এর সঠিক ব্যাখ্যা প্রদান এবং সঠিক দশমিক ভগ্নাংশটি লেখা হলে	১৫% এর আংশিক সঠিক ব্যাখ্যা প্রদান বা সঠিক দশমিক ভগ্নাংশটি লেখা হলে	---		
				খ	সামির ও কামালের ক্রয়কৃত ইটের সরল অনুপাত ও ব্যস্ত অনুপাত নির্ণয়	----	----	সঠিক সরল অনুপাত ও ব্যস্ত অনুপাত করতে পারলে	সঠিক সরল অনুপাত করতে পারলে	---		
				গ	সামির ও কামালের ক্রয়কৃত সিমেন্টের মোট দামের সমতুল নির্ণয় এবং গুরু অনুপাত যাচাইকরন	যথার্থ সমাধান করতে পারলে	সিমেন্টের মোট দাম নির্ণয় এবং সমতুল অনুপাত নির্ণয় করতে পারলে	সিমেন্টের মোট দাম নির্ণয় এবং আংশিক সমতুল অনুপাত নির্ণয় করতে পারলে	সঠিক ক্রয়কৃত সিমেন্টের মোট দাম নির্ণয় করতে পারলে	---		
				ঘ	সামির ও কামালের বাড়িতে ব্যবহৃত মিশ্রণে বালি ও সিমেন্টের পরিমাণ নির্ণয়	যথার্থ সমাধান প্রদান করলে	সামির এবং কামালের বাড়িতে ব্যবহৃত মিশ্রণে বালি ও সিমেন্টের পরিমাণ সঠিক নির্ণয় করতে পারলে	সামির বা কামালের বাড়িতে ব্যবহৃত মিশ্রণে বালি ও সিমেন্টের পরিমাণ সঠিক নির্ণয় করতে পারলে	সামির বা কামালের বাড়িতে ব্যবহৃত মিশ্রণে বালি ও সিমেন্টের পরিমাণ নির্ণয় প্রক্রিয়া আংশিক ঠিক হলে	---		
				ঙ	বাড়ি দুইটির স্থায়িত্ব যাচাই	---	যথার্থ ব্যাখ্যা প্রদান করলে	ব্যাখ্যা ঠিক থাকলে	ব্যাখ্যা আংশিক ঠিক থাকলে	---		
				মোট								
				অ্যাসাইনমেন্টের বরাদ্দকৃত নম্বর								১৫
				১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর								

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
৮-১০	অতি উত্তম
৬-৭.৯	উত্তম
৪-৫.৯	ভালো
৪ এর কম	অগ্রগতি প্রয়োজন

২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: বিজ্ঞান

শ্রেণি: ষষ্ঠ

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)	শিখনফল/বিষয়বস্তু	অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)							মন্তব্য
২ (অধ্যায়: ৬ষ্ঠ, সংবেদি অঙ্গ)	সংবেদি অঙ্গসমূহের গঠন, কাজ এবং এর যত্নে সচেতনতা অঙ্গ)	* সংবেদি অঙ্গসমূহের কাজ ব্যাখ্যা করতে পারবে। * সংবেদি অঙ্গের যত্ন নেওয়ার কৌশল ব্যাখ্যা করতে পারবে। * সংবেদি অঙ্গের যত্নের বিষয়ে নিজে সচেতন হবে ও অন্যকে সচেতন করবে।	নিচের ধাপগুলো অনুসরণ করে অ্যাসাইনমেন্টটি লিখতে হবে- ক) চোখের অন্তঃগঠনের চিহ্নিত চিত্র খ) চোখের কাজ গ) কানের কাজ ও যত্ন ঘ) স্বাদ ইন্দ্রিয়	নির্দেশক		পারদর্শিতার মাত্রা/নম্বর					প্রাপ্ত নম্বর
						৪	৩	২	১	০	
				ক	চিত্র অঙ্কন ও বিভিন্ন অংশ চিহ্নিতকরণ	সঠিকভাবে চিত্র অঙ্কন ও বিভিন্ন অংশ চিহ্নিতকরণ	চিত্র অঙ্কন করে বিভিন্ন অংশ আংশিক চিহ্নিতকরণ	অসম্পূর্ণ চিত্র অঙ্কন ও অসম্পূর্ণ চিহ্নিতকরণ	অসম্পূর্ণ চিত্র অঙ্কন করলে	উত্তর প্রাসঙ্গিক না হলে	
				খ	চোখের লেন্স, রেটিনা ও আইরিশের কাজ	যথাযথভাবে কাজ বর্ণনা	২টি অংশের যথাযথ কাজ বর্ণনা	১টি করে কাজের বর্ণনা	যে কোনো একটির কাজ বর্ণনা	উত্তর প্রাসঙ্গিক না হলে	
				গ	অন্তঃকর্ণের কাজ ও কানের যত্ন	যথাযথ উপস্থাপন	৩টি করে সঠিক তথ্য	২টি করে সঠিক তথ্য	যে কোনো ১টির সঠিক তথ্য	উত্তর প্রাসঙ্গিক না হলে	
				ঘ	স্বাদ ইন্দ্রিয়ের কাজ ও এর যত্ন ব্যাখ্যা	৪টি সঠিক কাজ ও যত্ন	৩টি করে সঠিক তথ্য	২টি করে সঠিক তথ্য	১টি সঠিক তথ্য	উত্তর প্রাসঙ্গিক না হলে	
				মোট							
				অ্যাসাইনমেন্টের বরাদ্দকৃত নম্বর							১৬
১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর											

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
৮-১০	অতি উত্তম
৬-৭.৯	উত্তম
৪-৫.৯	ভালো
৪ এর কম	অগ্রগতি প্রয়োজন